# কুমিল্লা সিটি কর্পোরেশন
## কুমিল্লা

www.cocc.portal.gov.bd


কাজী মাহবুবুর রহমান

কাউন্সিলর, ২১নং ওয়ার্ড

মোবাইল নং-০১৭১১৩৩৭৬৮৫

-০১৮৭২৬৯৮৯২১

ইমেইল ঃ-kazimahabuburrahaman@gmail.com


সূত্রঃ- কুসিক/প্রশা/ওয়ার্ড-২৩/২০২৩/৪৫২৫

তারিখঃ ২৮/০৯/২০২৩ইং

## ওয়ার্ড লেভেল কোঅর্ডিনেশন কমিটি (WLCC) সভার কার্যবিবরণী

সভাপতি : কাজী মাহবুবুর রহমান
কাউন্সিলর, ২১ নং ওয়ার্ড, কুসিক

তারিখ : ২৮/০৯/২০২৩ খ্রী:

সময় : বিকাল ০৪ ঘটিকা

স্থান : ২১ নং ওয়ার্ড কাউন্সিলর কার্যালয় ।

পবিত্র কোরআন তেলোওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। কুমিল্লা সিটি কর্পোরেশন ২১নং ওয়ার্ডের সচিব ও সদস্য সচিব মোঃ কাউছার উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে উক্ত সভার গুরত্ব সম্পর্কে অবগত করে সভার কার্যক্রম শুরু করেন এবং সম্মানিত সভাপতি ২১নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব, কাজী মাহবুবুর রহমান মহোদয় কে স্বাগত বক্তব্য রাখার জন্য অনুরোধ জানান। সভাপতি মহোদয় WLCC এর কার্যক্রম সম্পর্কে অবগত করে উপস্থিত সকল সদস্যগণ ওয়ার্ডের উন্নয়নের স্বার্থে সুন্দরমতামত ব্যক্ত করার জন্য অনুরোধ করা হইল।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | জনাব মো: ইকবাল হোসেন সাহেব কর কর্মকর্তা স্বাগত বক্তব্য প্রদান করেন এবং এই সভার গুরুত্ব সম্পর্কে উপস্থিত সকল সদস্যবৃন্দকে অবগত করেন। তিনি আরও উল্লেখ করেন যে, মহানগর বাসীর নগর সেবার মান আরো উন্নত করতে নগরীর হোল্ডিং ট্যাক্স, ট্রেড লাইসেন্স ও অন্যান্য সিটি কর সময়মতো পরিশোধ করিলে নগর বাসীর জীবন মান উন্নয়ন করা সম্ভব হবে। | সম্মানিত কাউন্সিলর সভাপতি সাহেব বলেন মাসিক মিটিং এ উপস্থাপন করা হবে। | |
| ২। | সম্মানিত সদস্য জনাব, আবুল কাসেম সর্দার বলেন, শাকতলা গ্রামে পূর্বে রাস্তা ও ড্রেন নির্মান করা হয় কিছু কিছু স্থানে রাস্তা সংস্কার এবং কিছু কিছু ড্রেনের স্লেপ ভেঙ্গে যায়, যা মেরামত করা জরুরী। | | |
| ৩। | সম্মানিত সদস্য জনাব, শওকত আলী বলেন, লাকসাম রোড থেকে মেঘনা লাইফ ইন্সুরেন্স হয়ে শওকত আলীর বাড়ি পর্যন্ত। রাস্তা ও ড্রেন নির্মান জরুরী। | | |
| ৪। | সম্মানিত নারী সদস্য জনাব, নাজমুন নাহার মুন্নী বলেন, শাকতলা এস এম মনির এর বাড়ির রোড ও অহিদ মিয়ার বাড়ির রোড রাস্তা ও ড্রেন নির্মান করা জরুরী। এছাড়া ও ওয়ার্ডের বিভিন্ন স্থানে সিটি কর্পোরেশন কর্তৃক স্থায়ী ডাস্টবিন করা প্রয়োজন। | | |
| ৫. | সম্মানিত সদস্য জনাব, নেয়ামত উল্লাহ বলেন, লাকসাম রোড (মর্ডান হসপিটাল) থেকে মোহাম্মদ আলী চেয়ারম্যান বাড়ি পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মান করতে হবে। | সম্মানিত কাউন্সিলর সভাপতি সাহেব বলেন উপস্থিত সকলের সুচিন্তিত মতামত মাসিক মিটিং এ উপস্থাপন করা হবে। | |
| ৬। | সম্মানিত সদস্য জনাব, তোফাজ্জল হোসেন বলেন, জাঙ্গালিয়া গ্রামের রাস্তা ও ড্রেন পুর্ন নির্মান করা জরুরী। | | |
| ৭. | সম্মানিত সদস্য জনাব, বীর মুক্তিযোদ্ধা আবদুর রাজ্জাক বলেন, রামনগর গ্রামে প্রবেশপথ সহ রাস্তা এবং কবরস্তানের উন্নয়ন করা খুবই জরুরী, কারণ রামনগর গ্রামের মানুষ চলাচলের একটি মাত্র রাস্তা কিন্তু প্রবেশপথ এর অবস্থা খুবই খারাপ। | | |
| ৮. | সম্মানিত সদস্য জনাব, বিল্লাল হোসেন বলেন, ২১নং ওয়ার্ডের আয়তন ও জনসংখ্যা অনুযায়ী ময়লা আবর্জনা পরিষ্কার করার লোকসংখ্যা খুবই কম। তাই জনসংখ্যা অনুযায়ী ওয়ার্ডের ড্রেন ও ময়লা আবর্জনা পরিষ্কারের জন্য লোকবল বাড়ানো খুবই প্রয়োজন। | | |

| | | | |
|---|---|---|---|
| ০৯. | সম্মানিত সদস্য জনাব, আবুল হোসেন বলেন ২১ন ওয়ার্ডে কোন নির্দিষ্ট খেলা ধুলার মাঠ নেই, ওয়ার্ডে অন্তত ২টি খেলাধুলার মাঠ সিটি কর্পোরেশন তৈরি করলে এলাকার জনসাধারণ উপকৃত হবে। | সম্মানিত কাউন্সিলর সভাপতি সাহেব বলেন উপস্থিত সকলের সুচিন্তিত মতামত মাসিক মিটিং এ উপস্থাপন করা হবে। | |
| ১০. | সম্মানিত সদস্য জনাব, আবদুল ওয়াদুদ ও আবুল কাসেম সর্দার এবং নেয়ামত উল্লাহ বলেন, ওয়ার্ডের বিভিন্ন স্থানে কিশোর গ্যাং এর তৈরি হয়েছে এবং বিভিন্ন স্থানে মাদকের ব্যবহারের মাত্রা অত্যাধিক বেড়েছে, তা নিয়ন্ত্রন অতি জরুরী। | | |
| ১১. | সম্মানিত নারী সদস্য জনাব, সানী আক্তার বলেন, ওয়ার্ডে নারীদের জন্য মুক্ত আলোচনার ব্যবস্থা রাখতে হবে। | | |
| ১২. | সম্মানিত সদস্য জনাব, বিল্লাল হোসেন বলেন, ২১ ওয়ার্ডের টমছমব্রীজ এবং দক্ষিণ আশ্রাফপুর নোয়াগাঁও নামক স্থানে ২টি ফুটওভার ব্রিজ প্রয়োজন, কারন প্রত্যহ ২টি স্থানে দৈনন্দিন দুর্ঘটনা ঘটছে। | | |
| ১৩. | সম্মানিত সদস্য জনাব, শওকত আলী বলেন, এই ওয়ার্ডের বিদ্যুৎ লোড শেডিং অনেক বেশি। বিদ্যুৎ ব্যবস্থাপনা আরো উন্নত করা জরুরী। | | |

পরিশেষে সম্মানিত সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে প্রতি তিন মাস অন্তর অন্তর এ ধরনের সভার আয়োজন করা হবে, সকল সদস্যগণ উপস্থিত থেকে ওয়ার্ডের উন্নয়নের স্বার্থে সুচিন্তিত মতামত তুলে ধরার জন্য অনুরোধ জানিয়ে আজকে সভা সমাপ্তি ঘোষনা করা হয়।

কাজী মাহবুবুর রহমান
কাউন্সিলর
২১নং ওয়ার্ড
কুমিল্লা সিটি কর্পোরেশন
ও
সভাপতি
ওয়ার্ড লেভেল কো অর্ডিনেশন ২১নং ওয়ার্ড কমিটি

**সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-**

১. মোঃ ইকবাল হোসেন ভূইয়া-কর নির্ধারক কর্মকর্তা এবং কো অর্ডিনেটর, ওয়ার্ড লেভেল কো অর্ডিনেশন ২১নং ওয়ার্ড কমিটি।
২. অফিস কপি।


Ward Level Coordination Committee Meeting
Chair : Kazi Mahabubur Rahman
Councilor, Ward no. 21
Cumilla City Corporation
Corporations (SGI 2030)